

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
[কর নীতি শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৭.২০১৫.১৬(৪৪)

তারিখঃ ১৮ চৈত্র, ১৪২১ বঙ্গাব্দ  
০১ এপ্রিল, ২০১৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 19E ধারায় স্বেচ্ছায় আয় ঘোষণার প্রযোজ্যতা প্রসঙ্গে।**

জাতীয় রাজস্ব বোর্ড এ মর্মে অবহিত হয়েছে যে, আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 19E ধারার প্রযোজ্যতার বিষয়ে মাঠ পর্যায়ে অস্পষ্টতা রয়েছে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ২০১২ সালে জারীকৃত পরিপত্র-১ (আয়কর)/২০১২, তারিখঃ ১২/০৮/২০১২ খ্রিঃ এর ক্রমিক নং-৪ এ বর্ণিত ব্যাখ্যার নিম্নরূপ অধিকতর স্পষ্টীকরণ করা হলোঃ

(ক) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 16 ধারায় বর্ণিত বিধান অনুসারে অর্থ আইনের তফসিলের মাধ্যমে সংশ্লিষ্ট কর বছরের জন্য নির্ধারিত কর হার প্রয়োগ করে 19E ধারায় ঘোষিত আয়ের উপর কর প্রদান করতে হবে। তাছাড়া যে সকল খাতের জন্য আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ২য় তফসিলের কর হার প্রযোজ্য হয় সে সকল উৎসের আয়ের ক্ষেত্রে উক্ত তফসিলে বর্ণিত কর হার প্রয়োগ করে 19E ধারায় ঘোষিত আয়ের উপর কর পরিশোধ করা যাবে। অর্থাৎ এক্ষেত্রে করদাতাকে অবশ্যই অর্থ আইন এবং আয়কর অধ্যাদেশের তফসিলভুক্ত কর হার প্রয়োগ করে প্রদেয় কর, 19E(2)(a)(ii) ধারায় প্রদেয় জরিমানা এবং প্রযোজ্য ক্ষেত্রে সারচার্জ পরিশোধ করতে হবে; এবং

(খ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 44(4)(b) ধারা অনুসারে সময়ে সময়ে জারীকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে যে সকল খাতের আয়ের জন্য হ্রাসকৃত কর হার প্রযোজ্য হয় সে সকল খাতের অপ্রদর্শিত আয় 19E ধারায় প্রদর্শন করা যাবে না।

  
মোঃ জসীমুদ্দিন আহম্মেদ  
দ্বিতীয় সচিব (কর আইন-১)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/(লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট)/(কর জরিপ ও পরিদর্শন)/(কর আপীল ও অব্যাহতি)/(ইন্টারন্যাশনাল ট্যাক্সেস)/(কর নীতি)/(তথ্য ব্যবস্থাপনা ও সেবা)/(অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা।
- ৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস (কর) একাডেমী, ঢাকা।
- ৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
- ৫। কর কমিশনার, কর অঞ্চল-খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ/গাজীপুর/নারায়ণগঞ্জ/কুমিল্লা/বগুড়া।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোডের জন্য)।
- ৮। সভাপতি, বাংলাদেশ ট্যাক্স ল ইয়ার্স এসোসিয়েশন, বাংলাদেশ সেক্রেটারীয়েট বিল্ডিং, ২য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা (এসোসিয়েশনের সকল সদস্যকে বিতরণের অনুরোধসহ)।
- ৯। সভাপতি, ঢাকা কর আইনজীবী সমিতি, সেগুন বাগিচা, ঢাকা (সমিতির সকল সদস্যকে বিতরণের অনুরোধসহ)।